দৈনিক সংবাদ

তারিখ ... FEB.-1 -- 1999 ... ...
পৃষ্ঠা: ১২ কলাম .. ২......

৭৩

কলেজ অধ্যক্ষের প্রাণনাশের চেষ্টা

# টাঙ্গাইলে শিক্ষক-কর্মচারী ধর্মঘট ৩রা ফেব্রুয়ারি

টাঙ্গাইল, ৩১শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- প্রবীণ শিক্ষাবিদ অধ্যক্ষ খন্দকার আহমেদুল হকের উপর সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি টাঙ্গাইল জেলা শাখা আগামী ৩রা ফেব্রুয়ারি জেলার সকল বেসরকারি কলেজে শিক্ষক-কর্মচারী ধর্মঘটের ডাক দিয়েছে।

অধ্যক্ষের উপর হামলার প্রতিবাদ ও দোষীদের বিচার দাবিতে শহরের মেজর জেনারেল মাহমুদুল হাসান আদর্শ কলেজের শিক্ষকরা রোববার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করেছেন।

গত শনিবার দুপুরে একদল সশস্ত্র সন্ত্রাসী শহরের কেন্দ্রস্থলে অবস্থিত মেজর-জেনারেল মাহমুদুল হাসান কলেজের অধ্যক্ষের কক্ষে ঢুকে অধ্যক্ষ খন্দকার আহমেদুল হকের শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর আহত করে। বর্তমানে তিনি ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার অবস্থা আশংকাজনক বলে জানা গেছে। এ ব্যাপারে আসামিদের নাম উল্লেখ করে থানায় মামলা হয়েছে। তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি টাঙ্গাইল জেলা শাখার নেতৃবৃন্দ এক বিবৃতিতে ঘটনার নিন্দা জানিয়ে কর্মসূচি দিয়েছে।